



إدارة التعليم الدينية الأهلية بنغلاديش

আযাদ দ্বিনী এদারায়ে তা'লিম বাংলাদেশ

(কওমি মাদরাসা বোর্ড বাংলাদেশ)

কার্যালয়: এদারা ভবন (৪র্থ তলা), সোবহানীঘাট, সিলেট।



কেন্দ্রীয় পরীক্ষার সেন্টার প্রাপ্তির নীতিমালা

১. সেন্টার আবেদনের জন্য এদারায় ইলহাক হওয়ার পর কমপক্ষে ৩ বছর পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
২. পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে মাদরাসার প্যাডে মুহতামিম সাহেবের সীল ও স্বাক্ষরসহ বিস্তারিত লিখে আবেদন করতে হবে।
৩. যে সকল মাদরাসা আবেদনকৃত সেন্টারে পরীক্ষা দিবে তাদের মাদরাসার প্যাডে সীল স্বাক্ষরসহ সম্মতিপত্র জমা দিতে হবে।
৪. যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা সুবিধাজনক হতে হবে।
৫. যে মাদরাসায় সেন্টার থাকবে ঐ মাদরাসার সকল জামাতে এদারার পূর্ণ নেসাব চালু থাকতে হবে।
৬. সেন্টারে মোট পরীক্ষার্থীর অন্তত তিনভাগের একভাগ সেন্টার-মাদরাসার পরীক্ষার্থী হতে হবে।
৭. পুরুষ সেন্টারের জন্য পরীক্ষার্থী সংখ্যা সর্বনিম্ন ১০০ জন এবং মহিলা সেন্টারের জন্য পরীক্ষার্থী সংখ্যা সর্বনিম্ন ৫০ জন হতে হবে। যদি পুরুষ সেন্টারে ১০০ জনের কম হয় তাহলে ন্যূনতম ৭৫ জন হতে হবে। এবং ১০০ পর্যন্ত ঘাটতি থাকা প্রতি জনের বিপরীতে ৩০০/- টাকা হারে ভর্তুকি দিতে হবে। মহিলা সেন্টারে পরীক্ষার্থী সংখ্যা ৫০ জনের কম হলে কমপক্ষে ৩০ জন হতে হবে এবং ৩০ জন হতে ৫০ জন পর্যন্ত ঘাটতি থাকা প্রতিজনের বিপরীতে ৩০০/- টাকা হারে ভর্তুকি দিতে হবে।
৮. পুরুষ সেন্টার, যেখানে শুধু ছাত্রগণ পরীক্ষা দিবে। মহিলা সেন্টার, যেখানে শুধু ছাত্রীগণ পরীক্ষা দিবে। তবে মারহালায়ে ইবতেদাইয়্যাহ'র ক্ষেত্রে উভয় ধরনের সেন্টারে ছাত্র-ছাত্রীদের পরীক্ষার সুযোগ দেওয়া যাবে।
৯. কোনো মাদরাসা সেন্টারের আবেদন করলে তা সেন্টার-বিধিসম্মত না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
১০. সেন্টার তালিকা চূড়ান্ত হওয়ার পর সেন্টার পরিবর্তনের অথবা নতুন সেন্টার আবেদন গ্রহণ করা হবে না।
১১. পরীক্ষার হল সম্পূর্ণ স্বতন্ত্র হবে; মাদরাসার পরীক্ষা বা অন্য কোন পরীক্ষা একই হলে গ্রহণ করা যাবে না।
১২. এদারা কর্তৃক প্রেরিত চিঠিপত্র ও তথ্যাদি সেন্টারভুক্ত মাদরাসাসমূহে যথাশীঘ্র পৌঁছাতে হবে।
১৩. পরীক্ষার্থীর সংখ্যা পরিমাণ প্রশস্ত পৃথক হল এবং প্রয়োজনীয় মানসম্মত বেঞ্চ থাকতে হবে।
১৪. আগত পরীক্ষার্থী ও উদ্ভাদগণের থাকা খাওয়া এবং হলের নিকটবর্তী শৌচাগারের সুব্যবস্থা থাকতে হবে।
১৫. নাযিমে মারকাযের জন্য স্বতন্ত্র কামরা এবং আলমিরার ব্যবস্থা থাকতে হবে। অর্থাৎ ঐ রুমে অন্য কেউ থাকতে পারবে না। এবং কক্ষ ও আলমিরার কোন চাবি নাযিমে মারকায ব্যতীত অন্য কারো নিকট মুহূর্তকালের জন্যও থাকবে না। এছাড়া কেন্দ্রের বিভিন্ন কাজের সুবিধার্থে খাদেমেরও ব্যবস্থা থাকতে হবে।
১৬. মহিলা সেন্টার আবেদনের ক্ষেত্রে ১ জন পুরুষ এবং ২/৩/৪ জন (অবস্থাভেদে) মহিলা নেগরানের নামের তালিকা নিবন্ধন ফরমের সাথে জমা দিতে হবে।
১৭. সেন্টার-মাদরাসার মুহতামিম সাহেব সকল বিধিমালা বাস্তবায়ন করবেন বলে এদারা কর্তৃপক্ষকে লিখিত ভাবে নিশ্চিত করতে হবে।
১৮. কোনো সেন্টার, সেন্টার -বিধির এক বা একাধিক বিধি লংঘন করলে এদারা কর্তৃপক্ষ সেন্টার স্থগিত করতে পারবেন, তবে এক্ষেত্রে সেন্টার-মাদরাসার মুহতামিম এবং ওই সেন্টারে তালিকাভুক্ত অন্য মাদরাসাগুলির মুহতামিমগণকে পত্রমাধ্যমে তা অবহিত করবেন। স্থগিত সেন্টার কর্তৃপক্ষ বিধিসম্মতভাবে সেন্টার পুনর্বহালের আবেদন করলে যথাবিধি সেন্টার পুনর্বহাল করা হবে।

----- ইমতেহান বিভাগ